

আপনার MEDICAID আবেদন গ্রহণের বিজ্ঞপ্তি
(কমিউনিটি-ভিত্তিক দীর্ঘকালীন পরিচর্যা সমেত কমিউনিটি কভারেজ)

বিজ্ঞপ্তির তারিখ:	কার্যকর হওয়ার তারিখ:	এজেন্সি/কেন্দ্রের বা জেলা অফিসের নাম এবং ঠিকানা		
কেস নম্বর	CIN নম্বর			
কেসের নাম (এবং প্রযুক্তি C/O নাম, যদি থাকে) এবং ঠিকানা				
		সাধারণ টেলিফোন নং. প্রশ্ন অথবা সাহায্যের জন্য _____ ----- অথবা এজেন্সির কনফারেন্স _____ ন্যায্য শুনানি সম্বন্ধীয় তথ্য _____ এবং সহায়তা _____ রেকর্ড অ্যাক্সেস _____ আইনি সহায়তার তথ্য _____		
অফিস নং.	ইউনিট নং.	কর্মী নং.	ইউনিট বা কর্মীর নাম	টেলিফোন নং.

আমরা এই বিজ্ঞপ্তি আপনাকে এটি জানানোর জন্য পাঠাচ্ছি যে এই দপ্তর আপনার Medicaid এর আবেদনটি গ্রহণ করবে যেটি
তারিখে _____ নামের ব্যক্তির জন্য কমিউনিটি
ভিত্তিক দীর্ঘমেয়াদী পরিচর্যা সমেত কমিউনিটির Medicaid কভারেজের জন্য করা হয়েছে। এই সিদ্ধান্ত নেওয়ার কারণ নিম্নরূপ:

- আপনি আমাদের সমস্ত আওতাভুক্ত পরিচর্যা এবং নার্সিং সুবিধার পরিষেবা ব্যতীত কমিউনিটি ভিত্তিক দীর্ঘমেয়াদ পরিচর্যা সমেত পরিষেবাদের জন্য আপনার Medicaid এর যোগ্যতা নির্ধারণ করার অনুরোধের পর থেকে, সেই সময়কালে আপনার সম্পদ/সম্পত্তি স্থানান্তরের জন্য আপনার সম্পদের প্রমাণাদি পর্যালোচনা করিনি (আপনার অনুরোধ করার আগের 60 মাস পর্যন্ত) এবং আপনি নিম্নলিখিত নার্সিং সুবিধার পরিষেবাদের জন্য আওতাভুক্ত হবেন না:
 - নার্সিংহোমের পরিচর্যা, স্বল্পমেয়াদী পুনর্বাসন ব্যতীত
 - হাসপাতালে দেওয়া নার্সিং হোমের পরিচর্যা
 - নার্সিং হোমে অনাথাশালা
 - নার্সিং হোমে পরিচালিত দীর্ঘমেয়াদী পরিচর্যা
 - অন্তর্বর্তী পরিচর্যা সুবিধার পরিষেবাদি
- আপনি আমাদের সমস্ত আওতাভুক্ত পরিচর্যা এবং নার্সিং সুবিধার পরিষেবা সমেত পরিষেবাদের জন্য আপনার Medicaid এর যোগ্যতা নির্ধারণ করার অনুরোধ করেছিলেন, কিন্তু আপনি সেই সময়কালে আপনার সম্পদ/সম্পত্তি স্থানান্তরের জন্য আপনার সম্পদের প্রমাণাদি দেননি (আপনার অনুরোধ করার আগের 60 মাস পর্যন্ত)। আপনি নিম্নলিখিতগুলির যাচাই করাতে ব্যর্থ হয়েছেন:

আপনি পূর্ব নির্ধারিত সময়কালের জন্য (আপনার অনুরোধ করার আগের 60 মাস পর্যন্ত) আপনার সম্পদ/সম্পত্তি স্থানান্তর সম্বন্ধে আপনার সম্পদের প্রমাণাদি দেননি বলে, উপরে তালিকাভুক্ত নার্সিং সুবিধার পরিষেবার জন্য আপনাকে আওতাভুক্ত করা হবে না।

বাড়তি আয়/সম্পদ

সংযুক্ত OHIP-0099 দেখুন: আপনার Medicaid আবেদনের উপর নেওয়া সিদ্ধান্তের বিজ্ঞপ্তি (বাড়তি আয়/সম্পদ)।

দ্রষ্ট: অন্য কোনো কারণে আপনার Medicaid কভারেজ ব্যাহত হলে, একটি পৃথক বিজ্ঞপ্তি সংযুক্ত করা আছে।

অনুগ্রহ করে বুকলেটের চিকিৎসা সহায়তা বিভাগের চিকিৎসা সহায়তার ইউটিলাইজেশন খ্রেসহোল্ড তথ্যটি পর্যালোচনা করুন "LDSS-4148B: What You Should Know About Social Services Programs." এখানে যে কোনো পরিষেবার সীমা সম্পর্কে ব্যাখ্যা করে তথ্য দেওয়া আছে। আপনি সহায়তার জন্য আবেদন করার সময় LDSS-4148B আপনাকে দেওয়া হয়েছিল।

আপনি সরাসরি পরিশোধের জন্য অর্থ পরিশোধ করা চিকিৎসার বিল প্রদান করে থাকলে, আপনাকে আলাদাভাবে আমাদের সিদ্ধান্ত জানানো হবে।

নার্সিং সুবিধার পরিষেবাদের জন্য আপনার Medicaid কভারেজের প্রয়োজন হলে আপনার কর্মীর সঙ্গে অবিলম্বে যোগাযোগ করুন। তারপর আপনি এই পরিষেবাগুলির জন্য Medicaid কভারেজ পাওয়ার যোগ্য কিনা নির্ধারণ করতে আমরা আপনার পূর্বর্তী সময়েকালের সম্পদ/সম্পত্তি হস্তান্তরের জন্য আপনার সম্পদের প্রমাণপত্র পর্যালোচনা করবো।

সমাজসেবা আইনের প্রবিধান 18 NYCRR 360-2.3, 360-4.1, 360-4.4, 360-4.5, 360-4.7 এবং 360-4.8 এবং ধারা 366-a(2) এর উপর নির্ভর করে এই সিদ্ধান্তটি গ্রহণ করা হয়েছে।

আমরা কিভাবে আপনার যোগ্যতা নির্ধারণ করেছি সেটি যাতে আপনি দেখতে পারেন তার জন্য আমরা এখানে একটি বাজেট ওয়ার্কশীট সংযুক্ত করেছি।

প্রবিধান অনুযায়ী প্রয়োজনীয় বস্তু, আয়, সংস্থান, বসবাসের ব্যবস্থাপনা অথবা ঠিকানার ক্ষেত্রে কোনো পরিবর্তন হলে
প্রয়োজনীয় বস্তু, সম্পত্তি, অবস্থাগত ব্যবস্থাপনা অথবা ঠিকানার ক্ষেত্রে কোনরকম পরিবর্তন হলে

এই সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করার অধিকার আপনার আছে
কিভাবে এই সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করতে হয় তার জানতে বিজ্ঞপ্তির উল্টোদিকটি নিশ্চিতভাবে পড়ুন

কনফারেন্সের অধিকার: এইসব পদক্ষেপ পর্যালোচনা করার জন্য আপনি একটা কনফারেন্সের ব্যবস্থা করতে পারেন। আপনি একটি কনফারেন্স চাইলে, যত দ্রুত সম্ভব আপনাকে তার জন্য আবেদন করতে হবে। কনফারেন্সে, যদি আমরা বুঝতে পারি আমরা ভুল সিদ্ধান্ত নিয়েছিলাম বা আপনার দেওয়া তথ্যের ওপর নির্ভর করে আমরা আমাদের সিদ্ধান্ত পরিবর্তন করেছিলাম, তাহলে আমরা সঠিক পদক্ষেপ নেব এবং আপনাকে নতুন বিজ্ঞপ্তি দেব। আপনি এই বিজ্ঞপ্তির প্রথম পাতায় থাকা নম্বরে ফোন করে বা এই বিজ্ঞপ্তির প্রথম পাতার ওপরে দেওয়া ঠিকানায় লিখিত অনুরোধ জানিয়ে কনফারেন্সের জন্য জিজ্ঞাসা করতে পারেন। এই নম্বরটি কেবলমাত্র কনফারেন্সের অনুরোধ করার জন্য ব্যবহার করা হয়। **ন্যায্য শুনানির অনুরোধ করার পথ এটি নয়।** আপনি একটি কনফারেন্স করতে চাইলেও আপনার একটি ন্যায্য শুনানি চাওয়ার অধিকার আছে। যদি আপনি একটি ন্যায্য শুনানির সিদ্ধান্ত না পাওয়া পর্যন্ত আপনার সুবিধাদি ক্রমাগত অপরিবর্তিত রাখতে চান (সহায়তা অব্যাহত রয়েছে), তাহলে আপনাকে অবশ্যই নিচে বর্ণিত পদ্ধতিতে একটি ন্যায্য শুনানির অনুরোধ করতে হবে। ন্যায্য শুনানির তথ্যের জন্য নিচের অংশ পড়ুন।

আপনার ফাইল ও নথির প্রতিলিপিতে প্রবেশাধিকার: শুনানির জন্য নিজেকে প্রস্তুতিতে সহায়তায়, আপনার কেস ফাইল দেখার অধিকার আপনার আছে। আপনি আমাদের ফোন করলে বা চিঠি পাঠালে, ন্যায্য শুনানিতে আমরা শুনানি অফিসারকে আপনার যেসব ফাইলগুলি দেবো সেখান থেকে নথিগুলির প্রতিলিপি বিনামূল্যে আপনাকে পাঠাব। এছাড়াও, আপনি আমাদের ফোন করলে বা চিঠি পাঠালে, আমরা আপনাকে অন্যান্য নথির প্রতিলিপিগুলিও বিনামূল্যে পাঠাব যা ন্যায্য শুনানির জন্য প্রস্তুত হওয়ার জন্য আপনার প্রয়োজন হতে পারে বলে আপনার মনে হয়। আপনি আমাদের ফোন করলে বা চিঠি পাঠালে, আপনার ন্যায্য শুনানির অনুরোধ করার সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রে বা শুনানির প্রস্তুতি নিতে আমরা আপনার কাছে নীতি সংক্রান্ত প্রয়োজনীয় নির্দিষ্ট উপকরণ কোনো মূল্য ছাড়াই উপলব্ধ করব। আপনার কাছে উপলব্ধ হতে পারে এমন নীতি সংক্রান্ত উপকরণগুলিতে নিম্নলিখিতগুলি অন্তর্ভুক্ত থাকতে পারে: প্রশাসনিক নির্দেশনামা, সাধারণ তথ্য ব্যবস্থার বার্তা, তথ্যমূলক চিঠি, Medicaid রেফারেন্স গাইডের অংশ, স্বাস্থ্য বিভাগের Medicaid আপডেট নিউজলেটার এবং স্থানীয় কমিশনারের স্মারকলিপি। নীতি সংক্রান্ত নির্দিষ্ট নথিগুলি চাইতে বা আপনার ফাইল কিভাবে দেখা যেতে পারে তা সম্পর্কে জানতে এই বিজ্ঞপ্তির প্রথম পাতার উপরে তালিকাভুক্ত রেকর্ড অ্যাক্সেসের টেলিফোন নম্বরে আমাদের ফোন করুন অথবা এই বিজ্ঞপ্তির প্রথম পাতার উপরে মুদ্রিত ঠিকানায় আমাদের চিঠি পাঠান। আপনার কেস ফাইল থেকে নীতি সংক্রান্ত নির্দিষ্ট উপকরণ বা নথি আপনার প্রয়োজন হলে, সময়ের আগে আপনাকে তা জানাতে হবে। সেগুলি আপনাকে শুনানির তারিখের আগে পর্যাপ্ত সময়ের মধ্যে দেওয়া হবে। আপনি নির্দিষ্ট করে বললেই একমাত্র নথিগুলি আপনাকে ডাকযোগে পাঠানো হবে।

ন্যায্য শুনানির অধিকার: যদি আপনি বিশ্বাস করেন যে উপরের পদক্ষেপ ভুল, তাহলে আপনি নিম্নলিখিত উপায়ে স্টেটের ন্যায্য শুনানির জন্য অনুরোধ করতে পারেন:

- 1) টেলিফোন:** আপনি স্টেটের টোল ফ্রি নম্বরে ফোন করতে পারেন: 800-342-3334 (আপনি ফোন করার সময় অনুগ্রহ করে এই বিজ্ঞপ্তিটি সঙ্গে রাখুন) অথবা
- 2) ফ্যাক্স:** ফ্যাক্স নং. (518) 473-6735 তে এই বিজ্ঞপ্তির একটি কপি পাঠান; অথবা
- 3) অনলাইন:** অনলাইন অনুরোধের ফর্মটি সম্পূর্ণ করে এখানে পাঠিয়ে দিন: <http://www.otda.ny.gov/oah/forms.asp>; অথবা
- 4) চিঠি পাঠান:** এই বিজ্ঞপ্তিটির সম্পূর্ণ করা অনুলিপি উল্লেখ্য ঠিকানায় পাঠান: Fair Hearing Section, New York State Office of Temporary and Disability Assistance, P.O. Box 1930, Albany, New York 12201। অনুগ্রহ করে আপনার কাছে একটি অনুলিপি রেখে দিন।

আমি একটি ন্যায্য শুনানি চাই। এজেন্সির সিদ্ধান্তটি ভুল কারণ: _____

নাম প্রিন্ট করুন: _____ কেস নম্বর _____

ঠিকানা: _____ টেলিফোন: _____

ক্লায়েন্টের স্বাক্ষর: _____ তারিখ: _____

এই বিজ্ঞপ্তিতে দেওয়া তারিখ থেকে 60 দিনের মধ্যে আপনি একটি ন্যায্য শুনানির অনুরোধ করতে পারেন: আপনি ন্যায্য শুনানির অনুরোধ করলে, স্টেট আপনাকে শুনানির সময় ও স্থান জানিয়ে আপনাকে একটি বিজ্ঞপ্তি পাঠাবে। আপনার হয়ে কোনো আইনি প্রতিনিধি, আত্মীয়, কোনো বন্ধু বা অন্য ব্যক্তির প্রতিনিধিত্ব করার বা নিজেই নিজের প্রতিনিধিত্ব করার অধিকার আপনার আছে। শুনানিতে, কেন পদক্ষেপ নেওয়া উচিত হবে না তা দেখানোর জন্য লিখিত বা মৌখিক প্রমাণ উপস্থাপনের সুযোগ আপনার আইনজীবী বা অন্য প্রতিনিধির থাকবে, এর পাশাপাশি শুনানিতে উপস্থিত যেকোনো ব্যক্তিকে প্রশ্ন করার সুযোগও থাকবে। এছাড়াও, আপনার হয়ে বলার জন্য সাক্ষী আনার অধিকার আপনার আছে। এই বিজ্ঞপ্তি, বেতনের রসিদ, রসিদ, চিকিৎসা সংক্রান্ত বিল, হিটিং বিল, চিকিৎসা যাচাইকরণ, চিঠি ইত্যাদির মতো যে কোনো নথি আপনার শুনানিতে নিয়ে আসা উচিত যা আপনার কেসে সহায়তা করতে পারে।

আইনি সহায়তা: আপনার বিনামূল্যের আইনি সহায়তার প্রয়োজন হলে আপনি স্থানীয় লিগ্যাল এইড সোসাইটি (Legal Aid Society) বা অন্যান্য আইনি আইনজীবী গোষ্ঠীর সঙ্গে যোগাযোগ করে সেই সহায়তা পেতে পারেন। আপনি আপনার ইয়েলো পেজেস এর মধ্যে থাকা “Lawyers” এর তালিকা দেখে বা এই বিজ্ঞপ্তির প্রথম পাতায় দেওয়া নম্বরে ফোন করে নিকটবর্তী লিগ্যাল এইড সোসাইটি (Legal Aid Society) বা আইনজীবী গোষ্ঠীর খোঁজ পেতে পারেন।

তথ্য: আপনার কেসটি সম্বন্ধে, কিভাবে ন্যায্য শুনানির অনুরোধ করতে হবে, কিভাবে আপনার ফাইল দেখতে হবে অথবা কিভাবে নথিগুলির অতিরিক্ত প্রতিলিপি পাওয়া যাবে সেই বিষয়ে আপনি আরো তথ্য চাইলে, এই বিজ্ঞপ্তির 1ম পাতার উপরে তালিকাভুক্ত টেলিফোন নম্বরগুলিতে আমাদের ফোন করুন অথবা এই বিজ্ঞপ্তির 1ম পাতার উপরে মুদ্রিত ঠিকানায় আমাদের চিঠি পাঠান।

মনোযোগ সহকারে দেখুন: 19 বছরের কম বয়সী যে শিশুরা Medicaid বা অন্যান্য স্বাস্থ্য বিমার যোগ্য নয় তারা শিশুদের Child Health Plus বিমা প্ল্যানের যোগ্য হতে পারে। এই প্ল্যানটি শিশুদের জন্য স্বাস্থ্য সেবার বিমা প্রদান করে। আরো তথ্যের জন্য 1-800-698-4543 নম্বরে ফোন করুন।